



স্মারক নং-বাউবি/এসএসএস/এইচএসসি/জেনারেল/০৪/০৮/৩১৬

তারিখ : ১৬/০৩/২০২০

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়,

আঞ্চলিক কেন্দ্র, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/

রংপুর/ময়মনসিংহ/কুমিল্লা/বগুড়া/যশোর/ফরিদপুর।

বিষয় : বাউবি'র সকল প্রোগ্রামের টিউটরিয়াল ক্লাস, পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রমিত জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে ১৭/০৩/২০২০ থেকে ৩১/০৩/২০২০ তারিখ পর্যন্ত স্কুল-কলেজ, মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর অনুবৃত্তিক্রমে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল প্রোগ্রামের টিউটরিয়াল ক্লাস, পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রম আগামী ১৭/০৩/২০২০ থেকে ৩১/০৩/২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। তবে-

০২। অনলাইনে ভর্তি কার্যক্রম যথারীতি চালু থাকবে।

০৩। সরকারি সিদ্ধান্তে যদি অফিস বন্ধ থাকে সেক্ষেত্রে আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে সরাসরি ভর্তি ও রেজিস্ট্রেশন কার্যক্রম স্থগিত থাকবে।

০৪। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(ড. আনিস রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় কার্যার্থে

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন (সকল), বাউবি।
৩. সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (বিষয়টি বাউবি'র ওয়েব পেইজ প্রচার এবং অনলাইনে ভর্তি কার্যক্রম চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৮. সংরক্ষণ নথি।